

খবরের পাতায় ‘নোবিপ্রবি’: নোবিপ্রবি দিবসে নোবিপ্রবিসাসের তথ্যবহুল স্টল

আব্দুল্লাহ আল তৌহিদ, কন্ডিউলিটিং
রিপোর্টার, নোবিপ্রবি

প্রকাশিত: ০০:২৬, ২৪ জুন ২০২৫



ছবি: সংগৃহীত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ১৯তম প্রতিষ্ঠাবার্ষিকী ও রিসার্চ ফেয়ার উপলক্ষে জমকালো আয়োজনে অংশ নেয় নোবিপ্রবি সাংবাদিক সমিতি (নোবিপ্রবিসাস)। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত রিসার্চ ফেয়ারে অন্যান্য বিভাগের পাশাপাশি তথ্য ও সচেতনতামূলক স্টল স্থাপন করে সংগঠনটি।

আজ সোমবার (২৩ জুন) বিশ্ববিদ্যালয়ের গোলচত্বর প্রাঙ্গণে আয়োজিত রিসার্চ ফেয়ারে অংশ নেয় নোবিপ্রবিসাস।

সংগঠনটির স্টলে প্রদর্শিত হয়েছে নোবিপ্রবিসাসের পূর্ববর্তী কার্যক্রমভিত্তিক “খবরের পাতায় নোবিপ্রবি”, ‘জুলাই আন্দোলন কর্ণার’, প্রকাশিত ম্যাগাজিন, প্রশিক্ষণ কর্মসূচি, ২০২৪ সালের

বন্যায় সংগঠনটির ভূমিকা এবং শিক্ষার্থীদের সাংবাদিকতায় সম্পৃক্ততার নানা দিক।

স্টলটি ঘুরে দেখা এক শিক্ষার্থী বলেন, “নোবিপ্রিবিসাসের কার্যক্রম ও তথ্য উপস্থাপন খুবই অনুপ্রেরণামূলক। সাংবাদিকতায় আগ্রহীদের জন্য এটি একটি দারুণ উদ্যোগ।”

নোবিপ্রিবিসাসের সভাপতি ইমাম হোসেন মিয়াজি বলেন, “আমরা চাই শিক্ষার্থীদের মধ্যে গঠনমূলক সাংবাদিকতার চর্চা ছড়িয়ে দিতে। এই স্টলের মাধ্যমে আমাদের কাজ ও লক্ষ্য তুলে ধরার চেষ্টা করেছি।”

মাননীয় শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইসমাইল স্টলটি পরিদর্শন করে নোবিপ্রিবিসাসের প্রশংসা করেন এবং শিক্ষার্থীদের সাংবাদিকতা চর্চায় উৎসাহ দেন।

বিসার্চ ফেয়ারে এগ্রিকালচার, ফিশারিজ অ্যান্ড মেরিন সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি অ্যান্ড নিউট্রিশন সায়েন্স, বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লাইড কেমিস্ট্রি অ্যান্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং মাইক্রোবায়োলজি বিভাগসহ অন্যান্য বিভাগের স্টল ছিল বিশেষ আকর্ষণীয় ও বৈচিত্র্যময়। গবেষণাধর্মী পোস্টার, মডেল, বাস্তব উদ্ভাবন ও সচেতনতামূলক উপস্থাপন ছিল স্টলগুলোর মূল আকর্ষণ।

বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন, গবেষণা ও মুক্তচিন্তার পরিসর বাড়াতে এ ধরনের আয়োজন আগামীতেও অব্যাহত থাকবে বলে আয়োজকরা আশাবাদ ব্যক্ত করেন।